

অপসারিত হতে পারেন বাকুবির ভিসি ড. রফিকুল

নিজস্ব প্রতিবেদক ▷

অনিয়ম-দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়ায় অপসারিত হতে পারেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকবি) উপাচার্য ড. রফিকুল হক। তদন্ত কমিটি তাদের প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে। গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ে তদন্ত প্রতিবেদন জমা দিয়েছে কমিটি। আজ মঙ্গলবার সারসংক্ষেপসহ প্রতিবেদনটি উপস্থাপন করা হতে পারে বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতির কাছে। এরপরই আসতে পারে শাস্তিমূলক ব্যবস্থা। সর্ঘস্টি সূত্রে এসব তথ্য জানা গেছে।

সর্ঘস্টি সূত্রে জানা যায়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. রফিকুল হক যে গণ নিয়োগ দিয়েছেন, তদন্ত কমিটি তাদের প্রতিবেদনে তাঁকে অবৈধ বলেছে। বিশ্ববিদ্যালয়ের কোনো অগ্রানোগ্রান না থাকায় নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসির অনুমোদনের প্রয়োজন হলেও তা গ্রহণ করা হয়নি বলে প্রতিবেদনে বলা হয়েছে। চাকরির আবেদন না করেও চাকরি পেয়ে ফওয়ার প্রমাণ পেয়েছে তদন্ত কমিটি।